

## প্রেস রিলিজ

২৬ জানুয়ারি ২০২৫

### বাউবির উপাচার্যের চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন ও মতবিনিময় সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম আজ ২৬ জানুয়ারি ২০২৫ তারিখ রবিবার বিশ্ববিদ্যালয়ের (বাউবি) নির্মাণাধীন চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্র সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি নির্মাণাধীন অফিস ভবনের স্থগিতকৃত কাজ পুনরায় শুরু করার ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড এস্টেট বিভাগকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এসময় তাঁর সঙ্গে ছিলেন পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ মাহফুজ উল আলম, বিশ্ববিদ্যালয় প্রকৌশলী ইঞ্জি: শাহরীয়ার সাহান, উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম পরিচালক মোঃ নাসির উদ্দিন, চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম পরিচালক মোঃ ইব্রাহিম খলিল ও উপ-পরিচালক ইঞ্জিনিয়ার আবু মুসা ভূঁইয়া।



পরিদর্শন শেষে উপাচার্য চাঁদপুর সার্কিট হাউজ এর সম্মেলন কক্ষে উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন ১৭টি স্টাডি সেন্টারের সমন্বয়কারী ও টিউটরদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। উপাচার্য বলেন, মানসম্মত ও জীবনমুখী শিক্ষা ব্যবস্থা বাস্তবায়নে শিক্ষক সমাজকে সর্বাত্মক এগিয়ে আসতে হবে। বিভিন্ন স্টাডি সেন্টার থেকে আগত সমন্বয়কারী ও টিউটরদেরকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্বশীল পালন করার জন্য উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম আহ্বান জানান। এছাড়াও উপাচার্য স্টাডি সেন্টারের যৌক্তিক দাবী যথাসম্ভব বাস্তবায়নে তাঁদেরকে আশ্বস্ত করেন। একই সঙ্গে তাদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। চাঁদপুর উপ-আঞ্চলিক কেন্দ্রের যুগ্ম পরিচালক মোঃ ইব্রাহিম খলিল এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় চাঁদপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর আঃ মাননান, চাঁদপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মাসুদুর রহমান, পুরানবাজার ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ শোয়াইব, হাইমচর ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামরুল ইসলাম, রয়মনেন নেছা মহিলা ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অরুন চন্দ্র সরকার, হাজীগঞ্জ মডেল সরকারি কলেজের সমন্বয়কারী ফারুক আহম্মেদ, মেহের ডিগ্রি কলেজের টিউটর ইউনুস মিয়াজী, গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজের সমন্বয়কারী দেলোয়ার হোসেন, হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ের সমন্বয়কারী আঃ মান্নান, মতলব জেবি সরকারি উচ্চবিদ্যালয়ের সমন্বয়কারী জাবেদ হোসেনসহ উপস্থিত টিউটরগণ বাউবি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় সম্পর্কে তাদের মতামত ব্যক্ত করেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮